গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণঅনুবিভাগ
বাজেট-২ শাখা
www.mor.gov.bd

বাজেট পরিপত্র-১ অনুসরণে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট কাঠামোর ২য় ভাগ সংশোধন ও হালনাগাদকরণ এবং বাজেট ইউনিটওয়ারী ২০২৫-২৬ অর্থবছরের বাজেট (রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা) প্রাক্কলন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তাব পরীক্ষা ও নিরীক্ষার মাধ্যমে বাজেটের যৌক্তিক আকার নির্ধারণের নিমিত্ত বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| **সভাপতিঃ** | : | **জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী**<br>**অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়** |
| তারিখ | : | ০৭.০১.২০২৫ |
| সময় | : | সকাল ১০:৩০ টা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ও জুম প্লাটফরম।<br>(কক্ষ নং-৯৩০, রেলভবন,ঢাকা। |

**সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র-১ এর আলোকে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগ সংশোধন ও হালনাগাদকরণসহ ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার সিলিং এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণের ভিত্তিতে বাজেট কাঠামোর ১ম ভাগভুক্ত দু'টি ফরম যথা- ফরম-১ [অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা] ও ফরম-২ [অধিদপ্তর/পরিদপ্তরের প্রাথমিক ব্যয়সীমা] নির্ধারণ প্রস্তাব পরীক্ষা ও নিরীক্ষার জন্য বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভা গত ২৬/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার সিদ্ধান্ত/সুপারিশের আলোকে ৩০/১২/২০২৪ তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগ এবং ফরম-১ ও ফরম-২ চূড়ান্ত করা হয়। ০৪/০১/২০২৫ তারিখের মধ্যে বাজেট কাঠামোর ২য় ভাগের সংশোধন ও হালনাগাদকরণসহ সংশ্লিষ্ট ফরমসমূহ আইবাস++ সিস্টেমে পূরণপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ে হতে প্রাপ্ত তথ্য পরীক্ষা ও নিরীক্ষার মাধ্যমে পরবর্তী বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ প্রণয়নের জন্য এ সভা আহবান করা হয়েছে। অতঃপর সভায় নিম্নের আলোচ্যসূচিসমূহ নিয়ে ধারাবাহিকভাবে আলোচনা করা হয়ঃ

- **আলোচ্যসূচী-১:বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভার কার্যবিবরণী** দৃঢ়ীকরণ
- **আলোচ্যসূচী-২: অংশ-৬.১: অধিদপ্তর/অধস্তন দপ্তর/ প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন**
- **আলোচ্যসূচী-৩: অংশ-৬.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা**
- **আলোচ্যসূচী-৪: অংশ-৬.৩: অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/স্কিমের প্রকল্পওয়ারী মধ্যমেয়াদী ব্যয় প্রাক্কলন**
- **আলোচ্যসূচী-৫: ফরম-৩: অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা**
- **আলোচ্যসূচী-৬:ফরম-৪ অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা**
- **আলোচ্যসূচী-৭: ফরম-৬(ক) :প্রাতিষ্ঠানিকইউনিট/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা**
- **আলোচ্যসূচী-৮:) ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভূক্ত বিশেষ কর্মসূচী/স্কীম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা**

**চলমান পাতা-০২**

- ❖ **আলোচ্যসূচী-৯: ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ**
- ❖ **আলোচ্যসূচী-১০: ফরম-৮ (ক-১) অর্থনৈতিক কোড ভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলণ ও প্রক্ষেপণ**
- ❖ **আলোচ্যসূচী-১১: ফরম ৮ (খ-২): অর্থনৈতিক কোড ভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলণ ও প্রক্ষেপণ**

০২। বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভার কার্যবিবরণীসহ সিদ্ধান্ত/সুপারিশের আলোকে বাজেট কাঠামোর ১ম ভাগের সংশোধনী প্রস্তাব পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/সংযোজন প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়।

০৩। রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে বাজেট কাঠামোর অংশ-৬.১: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন, অংশ-৬.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা এবং অংশ-৬.৩ অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/স্কিমের প্রকল্পওয়ারী মধ্যমেয়াদী ব্যয় প্রাক্কলন সংক্রান্ত প্রস্তাব উপস্থাপন করা হয়। রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগভুক্ত সচিবালয়, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তর এর 'সাম্প্রতিক অর্জন' সংক্রান্ত সংশোধন/হালনাগাদকরণকৃত অনুচ্ছেদসমূহ যথাক্রমে অনুচ্ছেদ নং ৬.১.১, ৬.২.১ এবং ৬.৩.১ অংশে সাম্প্রতিক তথ্যাদি সংযোজনপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।

০৪। অতঃপর রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে বাজেট কাঠামোর ২য় ভাগের **অংশ-৬.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা** সংক্রান্ত সংশোধন/হালনাগাদকরণে প্রাপ্ত প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, বাংলাদেশ রেলওয়ের **'কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (অনুচ্ছেদ নং ৬.২.২)' এর** ৩নং ক্রমিকে বর্ণিত ফলাফল নির্দেশক হিসেবে "আধুনকায়নকৃত লেভেল ক্রসিং গেইট" সংযোজন করা থাকলেও মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা শূন্য দেখানো রয়েছে তা সংশোধন করে প্রেরণ করতে হবে। একইভাবে উক্ত অনুচ্ছেদ যে সকল ফলাফল নির্দেশক হিসেবে লক্ষ্যমাত্রা ০.০০ দেখানো হয়েছে সে সকল ফলাফল নির্দেশক লক্ষ্যমাত্রা সংশোধন করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। হয়।

০৫। সভায় জানানো হয় যে, বিভিন্ন ফরমসমূহ আইবাস++ সিস্টেমে এন্ট্রির পর স্বয়ংক্রিয়ভাবে **'অংশ-৬.৩: অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন'**-পূরণ হবে বিধায় এ বিষয়ে আলোচনার প্রয়োজন নেই।

০৬। সভায় জানানো হয় যে, **বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভার সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য** iBAS++ এ এন্ট্রি করার ফলে বাজেট কাঠামো ২য় ভাগভুক্ত বর্ণিত ফরমসমূহ, যথা- ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা,ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ফরম-৮ (খ-১):

চলমান পাতা-০৩

অর্থনৈতিক কোড ভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভূক্ত কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রভৃতি স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়েছে। তবে বাংলাদেশ রেলওয়ের সকল ডিডিও অফিসের পরিচালন বাজেট তথ্য আইবাস ++ সিস্টেমে এন্ট্রি এখনো সম্পন্ন হয়নি মর্মে জানানো হয়। সভাপতি বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেট আগামী ০৮/০১/২০২৫ তারিখের মধ্যে আইবাস ++ সিস্টেমে এন্ট্রি সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (অর্থ), মহাপরিচালকের কার্যালয়-কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০৭। সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

সিদ্ধান্ত/সুপারিশ-(ক): রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর 'সাম্প্রতিক অর্জন' সংক্রান্ত বিবরণী (অনুচ্ছেদ নং ৬.১.১, ৬.২.১ ও ৬.৩.১) সংশোধন/হালনাগাদকরণ সংক্রান্ত প্রস্তাবের তথ্যগত ও ভাষাগত বিষয়াদি পুনঃপরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনে সংশোধন/পুনর্লিখনক্রমে চূড়ান্তকরণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

সিদ্ধান্ত/সুপারিশ:(খ): সচিবালয়ের **'কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (অনুচ্ছেদ নং ৬.১.২)' এর** বর্ণিত যে সকল ফলাফল নির্দেশক শূন্য দেখানো আছে তার লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক প্রেরণ করতে হবে ।

বাস্তবায়নেঃ (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (২) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে

সিদ্ধান্ত/সুপারিশ:গ বাংলাদেশ রেলওয়ের প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিট/প্রকল্পের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রণয়ন [রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য ব্যয়সীমা (পরিচালন)] প্রণয়নপূর্বক আইবাস ++ সিস্টেমে এ এন্ট্রি প্রদান আগামী ০৮/০১/২০২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে।

বাস্তবায়নেঃ ০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এবং ০২। সকল পরিচালন বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে।

সিদ্ধান্ত/সুপারিশ:ঘ বাজেট পরিপত্র-১ এর গাইডলাইন অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের সামগ্রিক পরিচালন বাজেট ও উন্নয়ন ব্যয়ের আকার এবং প্রকল্পওয়ারী উন্নয়ন ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন ও কার্যক্রম বিভাগের সম্মতির জন্য আগামী ১৯/০১/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

চলমান পাতা-০৪

০৮। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৩/২৫

**(মোহাং শওকত রশীদ চৌধুরী)**
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
www.mor.gov.bd

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণে মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদ করণের লক্ষ্যে বাজেট ওয়ার্কিং গ্রুপের **২য় সভা** অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের এঁর সভাপতিত্বে **০৭/০১/২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.৩০ টায় রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (৯ম তলা, কক্ষ নং ৯৩০)** অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | ফোন/মোবাইল নম্বর/ ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| | হাসান মাহমুদ<br>যুগ্মসচিব | MoR | 01712-085264 | [signature] ৭/১/২৫ |
| ০২। | ড. মো. মাহবুবুর রহমান<br>উপসচিব | MOR | 01712980413 | [signature] 07/01/2025 |
| ০৩ | মো: সাইফুল ইসলাম<br>উপসচিব | MOR | 01761850899 | [signature] 07.01.2025 |
| ০৪। | মো: সাফিউদ্দীন রহমান<br>উপসচিব | MOR | 01712727451 | [signature] 07.01.25 |
| ৫ | মো: রফিকুল ইসলাম<br>জেডিজি/মেক | BR | 01711506119 | [signature] |
| ৬ | মো: মঞ্জুরুল ইসলাম<br>DY CPLO | BR | 01711-691055 | [signature] 07/01/25 |
| ৭। | কামরুল রহমান<br>পরিচালক (অর্থ) | ADG/F<br>BR | 01711692941 | [signature] 07.01.25 |
| ৮। | মো: ওয়াহিদুজ্জামান<br>উপপরিচালক (বাজেট) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১৬৯২২৬৫১ | [signature] 07.01.25 |
| ৯। | রত্না রানী চাকী<br>সহকারী পরিচালক/বাজেট | ADG/F | 01703132925 | [signature] ৭.১.২৫ |

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | ফোন/মোবাইল নম্বর/ ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১০। | তাসলিমা আক্তার<br>সহকারী পরিচালক/অর্থ<br>মহাপরিচালক এর ডিডিও | বিআর | 01824556701<br>akhtertaslima88@gmail.com | 07-1-25 |
| ১১। | মোঃ [illegible] মিয়া<br>সিঃ সহকারী সচিব | MOR | 01552314989 | |
| ১২। | মোঃ আব্দুল খালেক মিয়া<br>সিনিয়র সহকারী সচিব | MoR | 01552387347 | |
| ১৩। | মোঃ জাহিদুল ইসলাম<br>সহকারী সচিব | MOR | 01911373043 | জাহিদুল ইসলাম 07/1/25 |
| ১৪। | মোঃ দুলাল মিয়া<br>সিনিয়র সহকারী সচিব | MOR | 01755500487 | 07/1/25 |
| ১৫। | মোঃ [illegible]<br>সহকারী সচিব | MOR | 01716349817 | |
| ১৬। | মোহাম্মদ শামীম মাহমুদ<br>প্রোটোকল অফিসার | MOR | 01325-087335 | |
| ১৭। | রাকিব [illegible]<br>হিসাবরক্ষক/বাজেট | BR | 01815825319 | |
| ১৮। | মোহাম্মদ সাজ্জাদ হোসেন<br>ব্যক্তিগত কর্মকর্তা | moR | 01737146996 | |
| ১৯। | মোঃ [illegible]<br>প্রশাসনিক কর্মকর্তা | MOR | 01732248168 | |
| ২০। | মোঃ ইসহাক<br>সাটমুদ্রাক্ষরিক | MOR | 01814517899 | |
| | | | | |